উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর।

**মার্চ/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

সভার তারিখ : ৩১ মার্চ ২০২১ খ্রি:।

সময় : দুপুর ১২.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে সভায় অনুপস্থিত সময়ে প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সরকার আউশ প্রনোদনা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ কার্যক্রমের আওতায় মাদারগঞ্জ উপজেলায় ৮৫০ জন কৃষককে আউশ প্রনোদনা প্রদান করা হবে। প্রত্যেক কৃষক ৫ কেজি ধান ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিনামূল্যে পাবেন। তিনি আরো জানান খামার যান্ত্রিককরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ০৭ টি কম্বাইন হারভেস্টার বরাদ্দ পাওয়া গিয়াছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিভাগীয় কাজে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা এডিপির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে PIC মাধ্যমে যে প্রকল্পগুলো আছে তা দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কমিটি গঠণ করে প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তাছাড়া RFQ পদ্ধতির প্রকল্পগুলো অফিসের মাধ্যমে দ্রত সময়ে শেষ করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিভাগীয় কাজে তৎপর এবং অনুপস্থিত সময়ে সভায় প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি মার্চ/২০২১ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসূহ:<br>খামার রেজিস্ট্রেশন = ০৩ টি<br>রাজস্ব আদায় = ৬৩০৯৫/-<br>চিকিৎসা (গবাদি পশু) = ৩০৯১ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ৩৩১৫৫ টি<br>টিকাদান (গবাদি পশু) = ২৪৭৪ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ৪১৯০০ টি<br>কৃত্রিম প্রজনন = ৯৫০ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩০২ টি<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, আগামী ০৪ এপ্রিল ২০২১ খ্রি: তারিখ হতে জাটকা সপ্তাহ পালিত হবে। এ সময়ে মৎস্য আইন আরও জোরদার করা হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান শিক্ষা অফিসের পিছনে একটি গাছ বিল্ডিং এর ক্ষতি করছে। গাছটি দ্রুত অপসারণ করার জন্য সভায় অনুরোধ জানান। তাছাড়া স্কুলফিডিং কার্যক্রমে ২০ প্যাকেট করে বিস্কুট প্রতি শিশুর মাঝে বাড়ী বাড়ী বিতরণ হচ্ছে। তিনি আরও বলেন, ছাত্রছাত্রীদের ০১ এপ্রিল ২০২১ খ্রি: হতে কৃমির বড়ি খাওনো হবে। সকলকে এ বিষয়ে বহুল প্রচারের জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে বিল্ডিং এর পিছনে গাছটি সরেজমিনে তদন্তক্রমে অপসরণযোগ্য হলে বিধিমোতাবেক দ্রুত প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর।<br>২.উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ,জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে চলতি মাসে স্থায়ী বন্ধ্যাকরণ-১০ জন, আইইউডি-১৬ জন, ইমপ্লান্ট-৮২ জন, ইনজেকশন-৬৪৭ ভায়েল, খাবার বড়ি (সুখী)-৯৮৫৬ চক্র, খাবার বড়ি আপন-২৭০ চক্র, কনডম-৯২৪৪ পিস এবং ইসিপি-১৭ জনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তাছাড়া পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর পক্ষে একাডেমিক সুপারভাইজার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি বলেন মহামারী করোনা ভাইরাসের জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। এ উপজেলা কিছু প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার খোলা থাকায় জেনারেল শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। তাই মোবাইল কোর্টের মাধ্যমে প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার বন্ধ করার জন্য সভায় অনুরোধ করেন। | এ উপজেলাধীন সকল প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার যাতে খোলা না হয় সেদিকে খেয়াল রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। তাছাড়া অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, জামালপুরকে টহল পুলিশের মাধ্যমে অধিকতর নজর রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, জামালপুর।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>৩. চেয়ারম্যান, সকল ইউপি, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় নিয়মিত ভাতাভোগীদের নগদ হিসাব খোলা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ ভাতাভোগীর কার্যক্রম দ্রুত চলছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের মাধ্যমে বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে এই প্রকল্পের জনবল না থাকায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। ইতিমধ্যে ০২(দুই) টি প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং ০১ টি প্রকল্পের কাজ অনুমোদন হয়েছে। রাস্তার জমির সমস্যার কারণে কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনবলের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রদান এবং সার্ভেয়ার দ্বারা রাস্তার জমি সরেজমিনে পরিমাপ করে দ্রুত অনুমোদনকৃত প্রকল্পের কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>২। সার্ভেয়ার উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে ২য় পর্যায়ে ইজিপিপি প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার লক্ষে সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প তালিকাসহ রেজুলেশন কপি দাখিল করার জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণকে পরিপত্র মোতাবেক প্রকল্প তালিকা করে তা দ্রুত অনুমোদনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১। পি.আই.ও মাদারগঞ্জ,জামালপুর।<br>২। চেয়ারম্যান (সকল)ইউপি, মাদারগঞ্জ,জামালপুর। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র নির্মাণের যৌক্তিকতা বিষয়ে উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর মহোদয় কর্তৃক প্রস্তাবিত স্থান পরিদর্শন করেছেন। আগামী ২০২১-২০২২ অর্থ বছরে ভূমি অধিগ্রহণসহ নির্মাণ কাজ শুরু হতে পারে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,মাদারগঞ্জ,জামালপুর |
| ১৪. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ঋণদান কর্মসূচি চলমানসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, |
| ১৫. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ সভায় জানান ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছর মাদারগঞ্জ উপজেলায় ৩৯ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়াছে। নলকুপের নির্ধারিত স্থান ও তালিকা প্রস্তুত করার লক্ষে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | তালিকা ও নলকুপ স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে সভায় অনুপস্থিত সময়ে প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ভিজিডি চক্রের জানয়ারি/২০২১ মাস হতে মার্চ/২০২১ মাস পর্যন্ত মোট ০৩(তিন) মাসের চাউল খাদ্য গুদাম হতে উত্তোলন করা হয়নি। দ্রুত উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তাছাড়া খাদ্য বান্ধব কর্মসূচির চাউল ১ এপ্রিল ২০২১ খ্রি: তারিখ হতে বিক্রয়ের জন্য এবং পারিবারিক সাইলোর ৪০০০ জনের তালিকা উপজেলা কৃষি অফিস, মাদারগঞ্জ, জামালপুর হতে পাওয়া গিয়াছে যা অনুমোদনের জন্য এবং দ্রুত জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর মহোদয়ের নিকট পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুমতি চাওয়া হয়। | বিধি মোতাবেক ভিজিডি চাউল উত্তোলন, খাদ্য বান্ধব কর্মসূচির চাউল বিক্রয় ও পারিবারিক সাইলোর তালিকা প্রেরণের অনুমতি জন্য অনুরোধ-করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভিবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের মাদারগঞ্জ উপজেলায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে ২৪০০ কেজি পাটের বীজ এবং প্রকল্প ভুক্ত প্রতি পাটচাষী ২০৭/- টাকা হারে সার ও ১ কেজি হারে পাটবীজ পাবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দ্রুত তালিকা প্রস্তুত করত: তালিকা মোতাবেক সুষ্ঠুভাবে পাটবীজ ও সার বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় জানান উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা নার্সারীবিভাগ | ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ফরেষ্টার মাদারগঞ্জ,জামালপুর। |
| ২২. | আমার বাড়ী আমার খামার প্রকল্প। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন তার দপ্তরের-<br>ক্ষুদ্র ঋণ বিতরণ : ১৬৮০.৯০<br>আদায় : ১১৬১.০০<br>SME এর আওতায় বরাদ্দ : ৩৯.৫০<br>বিতরণ : ২০.০০<br>Covid-19 বরাদ্দ : ৩৯.০০<br>বিতরণ : ১০.০০<br>*মোট আদায়ের হার= ৩৫%* | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার-সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে সভায় অনুপস্থিত সময়ে প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে সভার অনুপস্থিত সময়ে প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। | ফিল্ড সুপারভাইজার; ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৬. | বিবিধ আলোচনা | ক. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২১ ফেব্রুয়ারি ২০২১ শহিদ দিবস ও আন্তর্জাতিক এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপনের নিমিত্ত বিভিন্ন খরচের ব্যয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পরিশোধ করার জন্য আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নীতিমালা অনুযায়ী অনুষ্ঠান/বিভিন্ন দিবস পালন খাত হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর। |
| | | খ. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে জুলাই/২১ মাস হতে মার্চ/২১মাস পর্যন্ত উপজেলা পরিষদ চত্বরের আশেপাশে দৈনিক হাজিরা ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্নতা করা হয়েছে। যা শ্রমিক মজুরী বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বিল পরিশোধ করার জন্য আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা ২০২০ এর ৩ "ভ" এর বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক ও বাসভবনের সার্বক্ষনিক নিরাপত্তা প্রদানের জন্য আনসার সদস্যদের কোকারিজ মালামাল সরবরাহ করা হয়েছে। এমতাবস্থায়, মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে ১৫,০০০/-(পনের হাজার) টাকার বিল পরিশোধ করার জন্য আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা ২০২০ এর ৩ "ম" এর আনসার সদস্যদের নিরাপত্তা খাত হতে ১৫,০০০/-(পনের হাজার) টাকা ব্যয় করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর। |

অতঃপর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৪৫০(৫৫) তারিখ ঃ ৩১ মার্চ ২০২১ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(মোহাম্মদ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

(মোহাম্মদ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।